



মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাসিক বুলেটিন

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক বুলেটিন

সংখ্যাঃ অষ্টম

বর্ষঃ প্রথম

আগস্ট ২০০৫

রাজধানীর শ্যামপুরে অভিনব কায়দায় পাচারকালে ফেনসিডিল উদ্ধার

গত ২২ জুলাই বিকেলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের কর্মকর্তাগণ গোপন সংবাদের ভিত্তিতে ২৪ ডিআইটি গুট পোস্তগোলা শ্যামপুর এলাকা থেকে অভিনব কায়দায় একটি তিন চাকার ভ্যানের নিচে টিনের পাত দ্বারা লুকানো অবস্থায় ২৪০ বোতল ফেনসিডিলসহ জিল্লুর রহমান (১৮) কে গ্রেফতার করে। গত ২৭ জুলাই রাজধানী ঢাকার সবুজবাগ মুন্সীরটেক এলাকায় অভিযান চালিয়ে ২২৮ বোতল ফেনসিডিল ও ৮ কেজি গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীরা হচ্ছে পরশ (১৬) এবং আজিজ (২২)। মাদকদ্রব্যের সবুজবাগ থানার মামলার আসামী মজিবর রহমানকে রিমাতে এনে ব্যাপক জিজ্ঞাসাবাদে তদন্তকারী কর্মকর্তা বেশ কিছু তথ্য পায়। তার দেয়া তথ্য অনুযায়ী ২৭ জুলাই দুপুরে সবুজবাগের মুন্সীরটেক এলাকায় অভিযান চালিয়ে উক্ত মাদকদ্রব্যসমূহ উদ্ধার করে। গ্রেফতারকৃত আসামীরা একটি সংঘবদ্ধ মাদক ব্যবসায়ী দলের সদস্য বলে জানা যায়। তারা দীর্ঘদিন যাবৎ রাজধানীতে অবৈধ মাদক ব্যবসা চালিয়ে আসছে বলে জানা যায়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের জুলাই/০৫ মাসের গুরুত্বপূর্ণ অপারেশনগুলো হলো- ১৩ জুলাই সূত্রাপুর থানাধীন আরেম দাশ রোড হতে ৫ কেজি ৮০০ গ্রাম গাঁজাসহ জুলহাস (৪০) গ্রেফতার। ১২ জুলাই সবুজবাগ থানাধীন গোপীবাগ সুইপার কলোনী হতে ৫০০ বোতল কোডিন মিশ্রিত ফেনসিডিল উদ্ধার। ১৯ জুলাই রাতে একযোগে অভিযান চালিয়ে নগরীর ফরাশগঞ্জ, দেবেন্দ্রনাথ দাস লেন এবং গুলশান টাওয়ারের সামনে থেকে ১২ কেজি গাঁজাসহ সাখাওয়া হোসেন (৩৫), শামীম (২৫) এবং রীনা বেগম (৩৫) গ্রেফতার। ২৫ জুলাই সূত্রাপুর থানাধীন স্বামীবাগ, মুন্সীরটেক হতে ১৯০ বোতল ফেনসিডিলসহ মোঃ আরমান কালু (২৮), মোঃ সাজু দেওয়ান (২২) গ্রেফতার।

এছাড়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা মেট্রোঃ উপ-অঞ্চলের কর্মকর্তাদের নেতৃত্বে গত ২৬ জুলাই নারায়নগঞ্জ জেলার ফতুল্লা এলাকার লালা দেওয়ানের বসতবাড়ী থেকে হেরোইনসহ আমোনা বেগম (৪৮) কে গ্রেফতার করা হয়।



অভিনব কায়দায় ভ্যানের নিচে লুকানো ফেনসিডিলসহ আটককৃত জিল্লুর রহমান

জুলাই/০৫ মাসের আলামত ভিত্তিক মামলা ও আসামীর পরিসংখ্যান

জুলাই/০৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মাঠ পর্যায়ের অপরাধ দমন অভিযান, তত্ত্বাবধী, অবৈধ মাদক উদ্ধার ও অপরাধীদের গ্রেফতারে বেশ তৎপর ছিল। জুলাই/০৫ মাসে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ৬২৬ টি এবং আসামীর সংখ্যা ৬৯২ জন। জুলাই মাসে জুন মাসের তুলনায় মামলার সংখ্যা বেড়েছে ৯১ টি। গ্রেফতারকৃত আসামীর সংখ্যা বেড়েছে ১২২ জন। অধিদপ্তরের জুলাই/০৫ মাসের আলামতভিত্তিক মামলা, আসামী ও উদ্ধারকৃত মাদকদ্রব্যের বিবরণ নিম্নে তুলে ধরা হলো।

মাদকদ্রব্যের নাম	মামলার সংখ্যা	আসামীর সংখ্যা	মাদকদ্রব্যের পরিমাণ
হেরোইন	১০৪	১১৯	০.৯১২ কেজি
গাঁজা	১৮৮	২০৬	১৩৪.৯৫৭ কেজি
গাঁজা গাছ			৫০ টি
অবৈধ চোলাই মদ	১৫৮	১৭১	১৫১৮.৫ লিটার
বিদেশী মদ	৭	৪	১৬৫.২ লিটার
বিদেশী মদ	১১	১৫	১১০ বোতল
বিয়ার	১	১	১৯ ক্যান
রেক্সিফাইড স্পিরিট	১৯	২৩	১৬৮ লিটার
ডিনোচার্ড স্পিরিট	৫	৮	৬৩ লিটার
ফেন্সিডিল	১১৬	১২৪	৩৫৫৬ বোতল
ফেন্সিডিল			২৪.৫ লিটার
ভাড়ী (টোডি)	৪	৪	২৮২.৫ লিটার
পেথিডিন	২	১	৩৪ গ্র্যামুল
টি.ডি.জেনসিক ইঞ্জেকশন	৪	৫	২৩ গ্র্যামুল
জাওয়া(ওয়াশ)	৪	৬	১৫০২৫ লিটার
ক্রাউন বেভারেজ	১	৪	
মুলি	২	১	১০০০ পিচ
নগদ অর্থ			৭৭১২ টাকা
সিএনজি			৩ টি
মোবাইল সেট			৪ টি
মোট	৬২৬	৬৯২	

বন্দরনগরী চট্টগ্রামে হেরোইন উদ্ধার

গত ২৯ জুলাই মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চট্টগ্রাম মেট্রোঃ উপ-অঞ্চলের একটি বিশেষ টিম বন্দরনগরীর বন্দর থানাধীন কলসি দিঘীর পাড় এলাকার নেসার আহমেদের বাড়ীতে অভিযান চালিয়ে ৪০ গ্রাম হেরোইনসহ মোঃ আক্তার (৪০) নামক একজনকে গ্রেফতার করে। অন্যদিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চট্টগ্রাম মেট্রোঃ উপ-অঞ্চলের সদস্যরা গত ২০ জুলাই ডবলমুরিং থানাধীন মিন্টীপাড়া থেকে ৯০ লিটার চোলাইমদসহ আব্দুল করিম (৩৫), মোঃ ফারুক (৩৮), মোঃ রহিম (২৬) কে গ্রেফতার করে। একই দিনে চাঁনগাঁও, কাণ্ডাই রাস্তার মহড়া বনজন্ড্রব্য ফাঁড়ির সামনে থেকে ৭২ লিটার চোলাইমদসহ মোঃ আরিফ (২২) কে গ্রেফতার করে। এছাড়া গত ২৩ জুলাই পাঁচলাইশ এলাকার মুরাদপুর হতে ৯৭.৫০ লিটার চোলাইমদসহ একজনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামি হচ্ছে আব্দুল মালেক (২৫)।

মাদকাসক্তি চিকিৎসা ও পুনর্বাসন রিপোর্ট

জুলাই/০৫ মাসে ৫ টি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে ৯৪৪ জন মাদকাসক্তের চিকিৎসা সেবা প্রদান করা হয়। এর মধ্যে অন্তর্ভুক্তিতে ২৭৬ জন চিকিৎসা সেবা এবং বহিঃভাগে ৬৬৮ জন চিকিৎসা সেবা সম্পর্কে পরামর্শ ও ফলোআপ সেবা প্রাপ্ত হয়। নিম্নে এপ্রিল মাসে সরকারীভাবে প্রদত্ত চিকিৎসা সেবার একটি সারণি উপস্থাপন করা হলো।

কেন্দ্রের নাম	অন্তঃ বিভাগ	বহিঃ বিভাগ	মোট	নতুন	পুরাতন
কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা	৫৫	২৯৯	৩৫৪	১৩৯	২১৫
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী	-	১৯	১৯	৫	১৪
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, যশোর	১৫	১৮৬	২০১	১২৫	৭৬
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, কুমিল্লা	১৫৩	১০৫	২৫৮	২৮	২৩০
মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম	১	২	৩	২	১
কেন্দ্রীয় কারাগার হাসপাতাল, রাজশাহী	৫২	৫৭	১০৯	৩০	৭৯
মোট	২৭৬	৬৬৮	৯৪৪	৩২৯	৬১৫

সম্পাদকের কথা

সাম্প্রতিককালে মাদক হিসেবে ব্যাপকহারে প্রসার পাচ্ছে ইয়াবা নামক ট্যাবলেটটি। এমনিত্বেই মাদক সমস্যায় জর্জরিত আমাদের দেশ। এরসাথে নতুন করে ইয়াবার চোরালান অবশ্যই উল্লেখের বিষয়। একসময় ফেনসিডিল এদেশে সর্দি-কাশির ঔষধ হিসেবে ব্যবহৃত হতো। সেই ঔষধই আজ মাদক হিসেবে যত্রতত্র ব্যবহার হচ্ছে। প্রতিদিন হাজার হাজার বোতল ফেনসিডিল ধরা পড়লেও মাদক ব্যবসায়ী মাফিয়া চক্ররা তাদের মাদক ব্যবসা হতে পিছপা হচ্ছেনা। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সংস্থাসমূহ সর্বাঙ্গিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে দেশকে অবৈধ মাদকমুক্ত করতে। অবৈধ মাদক ব্যবসা নিয়ন্ত্রণ করা সম্ভব হলে দেশ অনেক এগিয়ে যাবে তাতে সন্দেহের অবকাশ নেই। সরকার যখন দেশকে মাদকমুক্ত করে গড়ে তোলার জন্য সর্বাঙ্গিক সচেষ্ট তখন ইয়াবার প্রসারের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনাপূর্বক তার বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। ইয়াবা ট্যাবলেটটি বাজারজাত করা হচ্ছে যৌন উত্তেজক ট্যাবলেট হিসেবে। কিন্তু সাধারণ ভোক্তারা জানেনা যৌন উত্তেজক ট্যাবলেট হিসেবে তারা কি গ্রহণ করছে। তারা যদি জানত যে, ইয়াবা প্রকৃত পক্ষে এক মরণ নেশা তাহলে হয়তো তারা এই মরণ নেশার দিকে ঝুঁকে পড়তেনা। আসুন আমরা সবাই ইয়াবার ক্ষতিকর প্রভাব সম্পর্কে ব্যাপক গণসচেতনতা সৃষ্টির মাধ্যমে মাদকমুক্ত সুস্থ, সুন্দর জাতি গঠনে ভূমিকা রাখি।

আইন-আদালত

জুলাই/০৫ মাসে মোট ২৬৮ টি মামলা নিষ্পত্তি হয়। এর মধ্যে সাজা প্রাপ্ত মামলার সংখ্যা ১৩৬ টি, খালাস প্রাপ্ত মামলার সংখ্যা ১৪৩ টি এবং অন্যান্যভাবে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ৬ টি। সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা ১৫২ জন এবং খালাসপ্রাপ্ত আসামীর সংখ্যা ১৪৩ জন। জুলাই/০৫ মাস পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ২৭৬৫০ টি।

ক্রম নং	উপ-অঞ্চলের নাম	সাজাপ্রাপ্ত মামলার সংখ্যা	সাজাপ্রাপ্ত আসামীর সংখ্যা	খালাসপ্রাপ্ত মামলার সংখ্যা	খালাসপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা	জুলাই/০৫ পর্যন্ত অনিষ্পত্তিকৃত মামলা
১	ঢাকা-মেট্রো উপ-অঞ্চল	৪৩	৫৬	১২	২৫	৪২৮৪
২	ঢাকা উপ-অঞ্চল	৭	৭	৮	১০	২৫৬৬
৩	ময়মনসিংহ উপ-অঞ্চল	৫	৫	৬	৮	১৮৩৩
৪	ফরিদপুর উপ-অঞ্চল	৪	৪	১	১	৪২৯
৫	টাংগাইল উপ-অঞ্চল	০	০	৪	৪	৪৩৪
৬	জামালপুর উপ-অঞ্চল	১	১	৪	৪	৩৯৪
৭	ঢাকা গোয়েন্দা অঞ্চল	০	০	০	০	০
৮	চট্টগ্রাম-মেট্রো উপ-অঞ্চল	১৯	১৯	১৪	১৫	২১৮০
৯	চট্টগ্রাম উপ-অঞ্চল	০	০	১	১	৬৬২
১০	নোয়াখালী উপ-অঞ্চল	১	১	৩	৩	৩৫২
১১	কুমিল্লা উপ-অঞ্চল	৭	৬	২৩	১৯	১৩৮২
১২	কক্সবাজার উপ-অঞ্চল	৩	৩	২	৩	৫১১
১৩	রাঙ্গামাটি উপ-অঞ্চল	০	০	০	০	১২০
১৪	খাগড়াছড়ি উপ-অঞ্চল	০	০	০	০	৫
১৫	বান্দরবান উপ-অঞ্চল	০	০	০	০	৬৩
১৬	চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	০	০	০	০	২৭৭
১৭	সিলেট উপ-অঞ্চল	২	২	১২	১২	১৯৭৪
১৮	খুলনা উপ-অঞ্চল	৫	৫	৭	৭	৬৬১
১৯	যশোর উপ-অঞ্চল	১০	১০	১	১	৮৫১
২০	কুষ্টিয়া উপ-অঞ্চল	৪	৪	৫	৫	৬৫০
২১	খুলনা গোয়েন্দা অঞ্চল	২	২	২	২	৭২
২২	বরিশাল উপ-অঞ্চল	১	১	০	০	২৩৬
২৩	পটুয়াখালী উপ-অঞ্চল	০	০	১	১	৬১
২৪	রাজশাহী উপ-অঞ্চল	৭	৭	৮	৮	২৬৬৩
২৫	পাবনা উপ-অঞ্চল	৬	৭	১	২	১২৪৬
২৬	বগুড়া উপ-অঞ্চল	২	২	০	০	৯৯২
২৭	রংপুর উপ-অঞ্চল	৬	৭	৪	৫	১৩৫৫
২৮	দিনাজপুর উপ-অঞ্চল	২	২	৭	৮	১১৭৬
২৯	রাজশাহী গোয়েন্দা অঞ্চল	০	০	০	০	২২১
সর্বমোটঃ		১৩৬	১৫২	১২৬	১৪৩	২৭৬৫০

দিনাজপুর, রাজশাহী, মংলা ও নাটোরে হেরোইন উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দিনাজপুর উপ-অঞ্চল গত ৭ জুলাই দিনাজপুরের ইসলামবাগ এলাকার লাইনপাড়া হতে ২০ গ্রাম হেরোইনসহ সুমা পারভীন, মিনি বেগমকে গ্রেফতার করে। এছাড়াও গত ১১ জুলাই বেলডাংগা, বিরামপুর হতে ২২ পিটার চোলাইমদ ও ১৪০ পিটার জাওয়া উদ্ধার করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের রাজশাহী উপ-অঞ্চলের সদর সার্কেল রাজশাহীর গোদাগাড়ী হতে ১০০ গ্রাম হেরোইনসহ ফেরদৌসী বেগম নামক একজনকে গ্রেফতার করে এবং নাটোর সার্কেল গত ২৭ জুলাই সিরো থেকে ৪৫ গ্রাম হেরোইনসহ আঃ মান্নান, ফুল বাবু, স্বপন, মিজান, বাদশা, সুমন আলী নামক ছয়জনকে গ্রেফতার করে। অন্যদিকে খুলনা উপ-অঞ্চলের মংলা সার্কেল গত ১০ জুলাই কার্তিকদিয়া নামক স্থান হতে ৬০ গ্রাম হেরোইনসহ মনিরুল ইসলাম নামক একজনকে গ্রেফতার করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ১, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক মুদ্রিত ও প্রকাশিত।
টেলিযোগাযোগঃ ৯৩৫৫৮৯৩, ৯৩৫৫৮৯৪, ৮৩১২২৪৪।

নিরোধ শিক্ষা কার্যক্রম ও মাদকবিরোধী প্রচারাভিযান

মাদকদ্রব্যের ক্ষতিকর প্রভাব সম্পর্কে গণসচেতনতা সৃষ্টি ও মাদকের বিরুদ্ধে ব্যাপক জনমত গড়ে তোলার লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মার্চ পর্যায়ের অফিসসমূহ মাদকবিরোধী প্রচারাভিযানের উপর বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পাশাপাশি বিভিন্ন বেসরকারী সংস্থা মার্চ পর্যায়ের নিরোধ শিক্ষামূলক কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। অধিদপ্তরের বিভিন্ন উপ-অঞ্চল জুলাই/০৫ মাসের প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে নিরোধ শিক্ষামূলক কার্যক্রমের একটি বিবরণী তুলে ধরা হলো।

১.	শিক্ষাঙ্গন কর্মসূচী -	১৭ টি।
২.	মাইকিং-	২৫ টি।
৩.	সিডি প্রদর্শন-	৬ টি।
৪.	মাদকবিরোধী আলোচনা সভা-	৫১ টি।
৫.	ডিউক্সিকেশন ক্যাম্প-	১ টি।
৬.	মাদকবিরোধী সাংস্কৃতিক অনুষ্ঠান-	১ টি।
৭.	প্রশিক্ষণ কর্মসূচী-	৩ টি।

সাতার হতে ৪০০০ লিটার জাওয়া উদ্ধার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা উপ-অঞ্চলের একটি বিশেষ টিম গত ৩০ জুলাই সাতার থানাধীন আন্দুল্লাপুর হতে ৪০০০ লিটার জাওয়া উদ্ধার করে। এই ব্যাপারে ৩ জনকে আসামি করে সাতার থানায় মামলা দায়ের করা হয়। উক্ত মামলার আসামিরা হচ্ছে- মোঃ ফজল হক, মোঃ ছলিম উদ্দিন ও মোঃ নাছির উদ্দিন।

কুমিল্লায় ১২ কেজি গাঁজাসহ ২ জন গ্রেফতার

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কুমিল্লা উপ-অঞ্চল গত ২৭ জুলাই রাজাপুর রেলস্টেশনে ৪ নং লোকাল ট্রেন হতে ৭ কেজি উদ্ধার করে। অন্যদিকে একই তারিখে কুমিল্লা কোতওয়ালী থানাধীন রসুলপুর স্টেশন হতে ৫ কেজি গাঁজাসহ ২ জনকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামিরা হচ্ছে মোঃ মমতাজ (৬৫), মোঃ রিয়াজউদ্দিন শাহীন (৪০)।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-অঞ্চল ও গোয়েন্দা অঞ্চলভিত্তিক জুলাই/০৫ মাসের মামলার পরিসংখ্যানঃ

ক্র/নং	উপ-অঞ্চলের নাম	দায়েরকৃত মামলার সংখ্যা	আসামীর সংখ্যা
১	ঢাকা-মেট্রো উপ-অঞ্চল	১০২	১০০
২	ঢাকা উপ-অঞ্চল	৪৭	৬২
৩	ময়মনসিংহ উপ-অঞ্চল	৩৪	৩৫
৪	ফরিদপুর উপ-অঞ্চল	১৬	১৭
৫	টাংগাইল উপ-অঞ্চল	৮	৮
৬	জামালপুর উপ-অঞ্চল	৭	১০
৭	চট্টগ্রাম-মেট্রো উপ-অঞ্চল	৪১	৩৭
৮	চট্টগ্রাম উপ-অঞ্চল	৮	৬
৯	সিলেট উপ-অঞ্চল	৩৪	৩৮
১০	নোয়াখালী উপ-অঞ্চল	১২	১৩
১১	কুমিল্লা উপ-অঞ্চল	২৮	২৬
১২	কক্সবাজার উপ-অঞ্চল	৭	৫
১৩	রাঙ্গামাটি উপ-অঞ্চল	১	১
১৪	খাগড়াছড়ি উপ-অঞ্চল	৩	
১৫	বান্দরবান উপ-অঞ্চল	১	১
১৬	খুলনা উপ-অঞ্চল	৩০	৩২
১৭	যশোর উপ-অঞ্চল	৩৩	৩৩
১৮	কুষ্টিয়া উপ-অঞ্চল	১৪	১৪
১৯	বরিশাল উপ-অঞ্চল	৬	৬
২০	পটুয়াখালী উপ-অঞ্চল	৪	৪
২১	রাজশাহী উপ-অঞ্চল	৬৯	৯৫
২২	পাবনা উপ-অঞ্চল	২১	২৫
২৩	বগুড়া উপ-অঞ্চল	১৫	১৫
২৪	রংপুর উপ-অঞ্চল	৩০	৩৮
২৫	দিনাজপুর উপ-অঞ্চল	২১	২৮
২৬	ঢাকা গোয়েন্দা অঞ্চল	১২	১৭
২৭	রাজশাহী গোয়েন্দা অঞ্চল	৭	১০
২৮	চট্টগ্রাম গোয়েন্দা অঞ্চল	৯	১০
২৯	খুলনা গোয়েন্দা অঞ্চল	৬	৬
সর্বমোটঃ		৬২৬	৬৯২